

# চুয়েটে কাজী নজরুল ও আবু সাঈদের নামে হল


চুয়েট প্রতিনিধি

১২ মে, ২০২৫ ১৯:১০

শেয়ার

অ +

অ -



ছবি : কালোর কঠ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্বিদ্যালয়ের (চুয়েট) দুইটি ছাত্র হলের নাম পরিবর্তন করা হয়েছে। পূর্ব নাম বঙবন্ধু হল ও শেখ রাসেল হল থেকে পরিবর্তন করে যথাক্রমে কবি কাজী নজরুল ইসলাম হল ও শহীদ আবু সাঈদ হল করা হয়েছে।

শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে গত ১৩ এপ্রিল অনুষ্ঠিত চুয়েটের ১৩৮তম সিন্ডিকেট সভায় হল দুটির নাম পরিবর্তন করে নতুন নাম চূড়ান্ত করা হয়।

এরপর ৮ মে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এটি আনুষ্ঠানিকভাবে জানানো হয়।